

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
রাজশাহী বিভাগীয় কার্যালয়, রাজশাহী।  
www.dncrp.gov.bd


স্মারক নম্বর: ২৬.০৪.৮১০০.৫০১.১৭.০০৭.২০-

তারিখঃ ০৯ জানুয়ারি ২০২৫ খ্রি.

**প্রেস বিজ্ঞপ্তি**

মোট চাল সরু চাল বলে বিক্রয় করায় দুই প্রতিষ্ঠানকে জরিমানা ২০,০০০/- (বিশ হাজার টাকা)

অদ্য ০৯ জানুয়ারি ২০২৫ খ্রি. বেলা ১২.০০ ঘটিকায় রাজশাহী মহানগরীর কাদিরগঞ্জ এলাকায় চালের আড়তে অভিযান পরিচালিত হয়েছে। জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক জনাব মোঃ ইব্রাহীম হোসেন এবং রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব বিপুল বিশ্বাসের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। বেশি দামে বিক্রয়ের উদ্দেশ্যে আটাশ চাল জিরাশাইল নামে প্যাকেট করার অপরাধে ভোক্তা অধিকার আইন ২০০৯ এর ধারা ৪৫ অনুযায়ী সাক্ষির রাইস এজেন্সী ও মা ভান্ডার রাইস এজেন্সীকে ১০,০০০/- করে মোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা করা হয়েছে। অভিযানকালে দেখা যায় আডতদারগন নিজেদের কমিশন এজেন্ট বলে দাবি করলেও তারা মিলারদের কাছ থেকে সংগ্রহ করা আটাশ চাল “আব্দুর রশিদের স্পেশাল জিরাশাইল চাল” নামে প্যাকেট করে খুচরা বাজারে সরবরাহ করছে। এর ফলে পণ্যের দাম বাড়ছে এবং ভোক্তারা প্রতারণিত হচ্ছে। অভিযানে এ ধরনের প্রতারণা থেকে বিরত থাকার পাশাপাশি ন্যায্য মূল্যে চাল বিক্রির জন্য ব্যবসায়ীদের কে নির্দেশনা দেওয়া হয়েছে। রাজশাহী মেট্রোপলিটন পুলিশের সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে।



(মোঃ ইব্রাহীম হোসেন)

উপপরিচালক

ফোনঃ ০৭২১-৭৭২৭৭৪

ফ্যাক্সঃ ০৭২১- ৭৭৫৪০৬

ইমেইলঃ [dd-rajshahi@dncrp.gov.bd](mailto:dd-rajshahi@dncrp.gov.bd)

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার, টিসিবি ভবন (৮তলা), ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রো পলিটন পুলিশ।
৪. জেলা প্রশাসক, রাজশাহী।
৫. সভাপতি/ সাধারণ সম্পাদক, রাজশাহী প্রেস ক্লাব।
৬. অফিস কপি।